# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৮৬/২০১৬/১৫১৫৯

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

বলদীআটা ফাজিল মাদরাসা, ডাকঘর: বলদীআটা বাজার, উপজেলা: ধনবাড়ী, জেলা: টাঙ্গাইল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৮-০৩-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬-০৩-২০২৫ থেকে ২৫-০৩-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. শ্রেণিকক্ষসহ মাদরাসার ক্যাম্পাসকে পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং লেখাপড়ার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে;
২. মাদরাসার বাথরুমগুলো পরিস্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি শ্রেণিকক্ষে পর্যাপ্ত লাইট ও ফ্যানের ব্যবস্থা করতে হবে;
৩. লাইব্রেরিতে মৌলিক বইয়ের সংখ্যা বাড়াতে হবে এবং রেফারেন্স গ্রন্থ দ্বারা লাইব্রেরিকে আরও সমৃদ্ধ করতে হবে;
৪. শিক্ষার্থীদের আইসিটি ক্লাসগুলো নিয়মিত করতে হবে;
৫. ফাজিলসহ সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির পাশাপাশি তাদেরকে ক্লাসমুখী করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে;
৬. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি শিক্ষা-সহায়ক কার্যক্রম তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৭. কুরআন শিক্ষার ওপর গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৮. শিক্ষকবৃন্দের উপস্থিতি নিশ্চিত করত: ছুটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে এবং মাদরাসার সাইন বোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
৯. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
১০. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(স্বাক্ষর) ৯/৯/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

বলদীআটা ফাজিল মাদরাসা
ডাকঘর: বলদীআটা বাজার, উপজেলা: ধনবাড়ী, জেলা: টাঙ্গাইল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৮৬/২০১৬/১৫১৫৯

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, বলদীআটা ফাজিল মাদরাসা, ডাকঘর: বলদীআটা বাজার, উপজেলা: ধনবাড়ী, জেলা: টাঙ্গাইল।
৭. অফিস নথি।

(স্বাক্ষর) 09.09.2025

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫